



দেশের মানুষকে নির্ভয়ে ভোট দিতে আহ্বান সেনাপ্রধানের



ছবি: সংগৃহীত

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান দেশবাসীকে ভোট দিতে নির্ভয়ে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টায় তিনি রাজধানীর আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ভোট দেন এবং পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

তিনি বলেন, আজকের দিন জাতির জন্য বিশেষ তাৎপর্যপূর্ণ। ভোট প্রদান শান্তিপূর্ণ পরিবেশে চলছে এবং তিনি জনগণকে উৎসাহ দেন কেন্দ্রের দিকে যেয়ে ভোটাধিকার প্রয়োগ করার জন্য। সেনাপ্রধান আরও বলেন, এটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ দিন এবং আমরা আশা করছি, ইনশাআল্লাহ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হবে। গণমাধ্যমকর্মীদের ভূমিকারও প্রশংসা করেন তিনি।

তিনি বলেন, যারা ভোট দিতে পারছেন না, বিশেষ করে মিডিয়ার লোকেরা জনগণের কাছে সঠিক তথ্য পৌঁছে দিচ্ছেন। এতে ভোটাররা নিশ্চিত বোধ করছেন এবং ভোটে অংশগ্রহণের জন্য প্রেরণা পাচ্ছেন। তিনি সবশেষে দেশের মানুষের মঙ্গল কামনা করেন।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ সকাল সাড়ে ৭টায় শুরু হয়। দেশের ২৯৯টি আসনে একযোগে ভোট গ্রহণ হচ্ছে এবং নির্ধারিত সময় অনুযায়ী বিকেল সাড়ে ৪টা পর্যন্ত চলবে। নির্বাচনকে নিরাপদ ও সুষ্ঠু করার জন্য আইনশৃঙ্খলা বাহিনী ব্যাপক প্রস্তুতি নিয়েছে এবং বিভিন্ন এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।